# Times Today BD

জিএম সিরাজ | রংপুর | 06 May, 2025

উলিপুরে অবৈধ বালু উত্তোলন করায় ১ ব্যাক্তির ১৫ দিনের বিনাশ্রম জেল দিয়েছে ভ্রাম্যমাণ আদালত।এছাড়াও নিষিদ্ধ পলিব্যাগে চাল বিক্রির অপরাধে ১ জনের ২ হাজার টাকা জরিমানা করেছে ওই আদালত।

মঙ্গলবার( ০৬ মে) দুপুরে উলিপুর উপজেলা প্রশাসন  অভিযান চালায়  উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও)  ও নির্বাহী ম্যাজিস্ট্রেট নয়ন কুমার সাহা।

এ সময় উলিপুর উপজেলা পৌর শহরের  বাজারের ভজন পাল নামের এক চাল ব্যবসায়ীর পলিব্যাগে চাল থাকার কারণে ২ হাজার টাকা জরিমানা করেন।

এরপের উপজেলার দূর্গাপুর ইউনিয়নের  দূর্গাপুরে ব্রীজের নীচে গিদারী নদী থেকে অবৈধভাবে বালু উত্তোলনের অপরাধে হারুন অর রশীদ নামের এক ব্যাক্তির ১৫ দিনের বিনাশ্রম কারাদন্ড দেয় ভ্রাম্যমান আদালত।সাজাপ্রাপ্ত ব্যক্তি ওই  এলাকার মৃত কায়ছার আলীর ছেলে।

উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও)  ও নির্বাহী ম্যাজিস্ট্রেট নয়ন কুমার সাহা বলেন অবৈধ বালু উত্তোলন করায় ১ ব্যাক্তিকে  ১৫ দিনের বিনাশ্রম জেল প্রদান করা হয়েছে এবং এক চাল ব্যবসায়ীর পলিব্যাগে চাল থাকার কারণে ২ হাজার টাকা জরিমানা করা হয়েছে।আমাদের এই অভিযান অব্যাহত থাকবে ।

উলিপুর বালু আদালত

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 29 June, 2025 19:19

URL: https://www.timestodaybd.com/rangpur/2060496683